

B.A. 1st Semester (General) Examination, 2020 (CBCS)

বাংলা (সাধারণ)

Course : CC-I A/2A/GE-1

দক্ষিণপ্রান্তস্থ মান পূর্ণমানের নির্দেশক  
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় : তিন ঘণ্টা

পূর্ণ মান : ৬০

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১. যে-কোনো ছটি প্রশ্নের উত্তর দাও :

৬X৫=৩০

- ক) ‘মনুষ্যফল’ প্রবন্ধে কমলাকান্ত নারীজাতি সম্পর্কে যে ভাবনার প্রকাশ করেছেন তার পরিচয় দাও।
- খ) “চোরের দণ্ড হয়, চুরির মূল যে কৃপণ, তাহার দণ্ড হয় না কেন?” – প্রসঙ্গ উল্লেখ করে উক্ত বক্তব্য পরিস্ফুট করো।
- গ) “একা শকুন্তলা শকুন্তলার এক-তৃতীয়াংশ। শকুন্তলার অধিকাংশই অনসূয়া এবং প্রিয়ংবদা,” – প্রাবন্ধিকের উক্ত বক্তব্যের প্রসঙ্গ নির্দেশ করো।
- ঘ) “সাহিত্যের অবলম্বন জ্ঞানের বিষয় নয়, ভাবের বিষয়।” – ‘জ্ঞানের বিষয়’ ও ‘ভাবের বিষয়’ বলতে প্রাবন্ধিক কী বোঝাতে চেয়েছেন ?
- ঙ) “যাত্রার অভিনয়ে দর্শক ও অভিনেতার মধ্যে একটা গুরুতর ব্যবধান নাই।” – প্রাবন্ধিকের উক্ত বক্তব্যের কারণ নির্দেশ করো।
- চ) “তুমি বসন্তের কোকিল, শীত-বর্ষার কেহ নও।” – প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কাদের, কেন ‘বসন্তের কোকিল বলেছেন ?
- ছ) “তোমরা এত কল করিতেছ, মনুষ্যে মনুষ্যে প্রণয় বৃদ্ধির জন্য কি একটা কিছু কল হয় না? একটু বুদ্ধি খাটাইয়া দেখ, নহিলে সকল বেকল হইয়া যাইবে।” – প্রসঙ্গ উল্লেখ করে প্রাবন্ধিকের বক্তব্যের যথার্থতা বিচার করো।
- জ) ‘আমার দুর্গোৎসব’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বঙ্গজননীর আবাহনে স্বদেশবাসীর কাছে কোন প্রার্থনা করেছেন ?

২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩X১০=৩০

- ক) “কমলাকান্তের দপ্তর” গ্রন্থের ‘বিড়াল’ প্রবন্ধে প্রাবন্ধিক সমাজজীবন বাস্তবতার দিকটিকে তুলে ধরেছেন – আলোচনা করো।
- খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ‘মনুষ্যফল’ প্রবন্ধে বিভিন্ন শ্রেণির মানুষের সঙ্গে বিভিন্ন ফলের তুলনা করেছেন – প্রসঙ্গ উল্লেখ করে প্রাবন্ধিকের বক্তব্য পরিস্ফুট করো।
- গ) ‘কাব্যের উপেক্ষিতা’ প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর একাধিক উপেক্ষিতা চরিত্রের উল্লেখ করেছেন। রবীন্দ্রনাথের কেন উক্ত চরিত্রগুলিকে উপেক্ষিতা বলে মনে হয়েছে ?
- ঘ) “ভাবুকের চিত্তের মধ্যে রঙ্গমঞ্চ আছে, সে রঙ্গমঞ্চে স্থানাভাব নাই। সেখানে জাদুকরের হাতে দৃশ্যপট আপনি রচিত হইতে থাকে।” – প্রাবন্ধিকের উক্ত বক্তব্যের প্রেক্ষিতে ‘রঙ্গমঞ্চ’ প্রবন্ধের মূল বক্তব্য পরিস্ফুট করো।
- ঙ) ‘লোকহিত’ প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুরের সমাজভাবনার পরিচয় দাও।